

নথি নং-২-৭(১)জন প্রশাঃ/০১/২০১৭/

তারিখ- /০৩/২০১৭ খ্রিঃ।

-ঃ আদেশ :-

রাজস্ব প্রশাসনে অধিকতর গতিশীলতা আনয়ন এবং করদাতা বান্ধব পরিবেশ সৃজনের জন্য অনুসৃত “সুশাসন ও আধুনিক ব্যবস্থাপনা কাঠামো” এর আওতায় কাস্টম হাউস, ঢাকায় কর্মরত নিম্নবর্ণিত সহকারী কমিশনারগণকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পাশে উল্লিখিত কর্মস্থল/শাখায় বদলি/পদস্থ/দায়িত্ব প্রদান করা হলো :-

ক্র/নং	নাম ও পদবী	বর্তমান কর্মস্থল	বদলীকৃত/দায়িত্ব প্রাপ্ত নতুন শাখা/কর্মস্থল
১	জনাব কাজী রায়হানুজ্জামান, সহকারী কমিশনার	এয়ার ফ্রেইট ইউনিট	কুরিয়ার ইউনিট এবং তাঁর অধিক্ষেত্রে সহকারী কমিশনার পর্যায়ে ন্যায়-নির্ণয়ন, উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যে কোন দায়িত্ব।
২	জনাব এ কে এম খায়রুল বাসার, সহকারী কমিশনার	শুল্কায়ন গ্রুপ-৩	এয়ারফ্রেইট ইউনিট, নিলাম শাখা এবং তাঁর অধিক্ষেত্রে সহকারী কমিশনার পর্যায়ে ন্যায়-নির্ণয়ন, উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যে কোন দায়িত্ব।

২। শুল্কায়ন গ্রুপের দায়িত্ব হস্তান্তরকারী কর্মকর্তাগণ তাঁদের গ্রুপের এইচ.এস.কোড ও মূল্য সংক্রান্ত রাজস্ব ঝুঁকির বিষয়ে দায়িত্ব গ্রহণকারী নতুন কর্মকর্তাকে সম্যকভাবে ধারণা দিবেন এবং এ সংক্রান্ত আদেশ নির্দেশ, তথ্যের অনুলিপি তাঁকে হস্তান্তর করবেন। তাছাড়াও এ দপ্তরের গুরুত্বপূর্ণ বিভিন্ন চলমান কার্যাবলীর সর্বশেষ অবস্থা পূঙ্খানুপূঙ্খরূপে ব্রিফ করবেন।

৩। জনাব কাঞ্চন রানী দত্ত, উপ-কমিশনার(চঃদাঃ)কে তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত কুরিয়ার IM-4 এর দায়িত্ব পালন করবেন।

৪। জনাব প্রিয়াংকা দাস শিপু, সহকারী কমিশনারকে তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত শুল্কায়ন গ্রুপ-৩, কাস্টমস্ মিউজিয়াম ও লাইব্রেরী ও পুরস্কার সংক্রান্ত কার্যক্রম তদারকি এর দায়িত্ব পালন করবেন।

৫। প্রত্যেক গ্রুপ/শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ স্ব স্ব শাখা/গ্রুপের কর্ম পদ্ধতি নির্ধারণ করে লিখিত ভাবে কমিশনার মহোদয়ের বরাবর উপস্থাপন করবেন।

৬। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

মোঃ আশরাফুল ইসলাম

যুগ্ম-কমিশনার

কমিশনার এর পক্ষে

ই-মেইল : dhakacustoms@yahoo.com।

তারিখ- ২৭/০৩/২০১৭ খ্রিঃ।

নথি নং-২-৭(১)জন প্রশাঃ/০১/২০১৭/

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

- ১। যুগ্ম কমিশনার-১/২/৩/৪, কাস্টম হাউস, ঢাকা।
- ২। প্রধান নিরাপত্তা কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, কাস্টম হাউস, ঢাকা।
- ৪। উপ/সহকারী কমিশনার, অপারেশন ম্যানেজার/শুল্কায়ন গ্রুপ-১/২/৩/৪(এ)/৪/৪(এ)/৫/প্রিভেন্টিভ/বিচার/আইন/কুরিয়ার IM-7/এয়ারফ্রেইট/কুরিয়ার/রগানী পরীক্ষা/ কুরিয়ার IM-4/পোস্ট ক্লিয়ারেন্স অডিট/বিমানবন্দর শিফট-এ/বি/সি, কাস্টম হাউস, ঢাকা।
- ৫। জনাব/মিসেস উপ/সহকারী কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।
- ৬। রাজস্ব কর্মকর্তা, শুল্কায়ন গ্রুপ-১/২/৩/৪(এ)/৪/৪(এ)/৫/প্রিভেন্টিভ/কুরিয়ার IM-7/এয়ারফ্রেইট/কুরিয়ার/রগানী পরীক্ষা/ রগানী শুল্কায়ন/পোস্ট ক্লিয়ারেন্স অডিট/বিমানবন্দর শিফট-এ/বি/সি, কাস্টম হাউস, ঢাকা।
- ৭। সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস, ঢাকা। তাঁকে এ আদেশটি কাস্টম হাউস, ঢাকার ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৮। বেতন ও হিসাব রক্ষণ কর্মকর্তা, কাস্টম হাউস, ঢাকা।
- ৯। পিএ টু কমিশনার (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মোঃ আশরাফুল ইসলাম
যুগ্ম-কমিশনার